-১-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
টেলিযোগাযোগ অধিদপ্তর
মহাপরিচালকের কার্যালয়।
৪২৩-৪২৮ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
(www.telecomdept.gov.bd

DOT
ডিপার্টমেন্ট অফ
টেলিকমিউনিকেশন্‌স

স্মারক নং-১৪.৩০.০০০০.২২১.০৮.০০৪.২০-১ তারিখঃ ১২-১১-২০২০খ্রিঃ।

**বিষয়: পাসপোর্ট করার জন্য অনাপত্তি প্রদান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, টেলিযোগাযোগ অধিদপ্তর কর্তৃক এর কর্মকর্তা/কর্মচারীগণের আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ও তাঁর পরিবারবর্গের (স্বামী/স্ত্রী, পুত্র/কন্যা) অনুকূলে পাসপোর্টের জন্য অনাপত্তি সনদ (NOC) জারী করা হয়ে থাকে। অনাপত্তি সনদের নির্ধারিত ফরম সঠিকভাবে পূরণ না করা, আবেদনের সাথে সম্পর্কিত কাগজাদি সংযুক্ত না থাকা, আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে না পাওয়া, ইত্যাদি কারণে ডিওটি কর্তৃক যথাসময়ে অনাপত্তি প্রদান ব্যাহত হয়। নিরবচ্ছিন্নভাবে পাসপোর্টের অনাপত্তি সনদ জারী করার লক্ষ্যে আবেদনের সহিত নিম্নলিখিত কাগজাদি সংযুক্ত থাকা জরুরী:

১) নির্ভুলভাবে পুরণকৃত নির্ধারিত অনাপত্তি সনদ ফরম;
২) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)-এর সত্যায়িত অনুলিপি;
৩) নবায়নের ক্ষেত্রে পুরাতন পাসপোর্টের তথ্য সন্নিবেশিত পৃষ্ঠার অনুলিপি;
৪) *প্রেষনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক সংযুক্ত ফরমে (সংযুক্ত-১) প্রত্যয়নপত্র।*
৫) পরিবারবর্গের পাসপোর্টের ক্ষেত্রে আবেদনকারী কর্মকর্তা/কর্মচারী কর্তৃক সংযুক্ত ফরমে (সংযুক্তি-২) অঙ্গীকারনামা; এবং
৬) *প্রেষনে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন প্রেরণ।*

২। বর্ণিতাবস্থায়, তাঁর পক্ষ থেকে সদয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

12/11/20

(সঞ্জিব কুমার ঘটক)
পরিচালক (প্রশাসন)
ফোন- ৯৮৩০৪০০।

প্রাপক
১) অতিরিক্ত মহাপরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
২) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিঃ (বিটিসিএল), ৩৭/ই, ইস্কাটন গার্ডেন. ঢাকা।
৩) ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিঃ, বাড়ী-৩/এ, ৫/এ, ৭/এ(১০ম তলা), রোড-১৭, রাজউক কমার্শিয়াল কার পার্কিং, গুলশান-১, ঢাকা।
৪) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাবমেরিন কেবল কোম্পানী লিঃ, রহমান র‍্যাগনাম সেন্টার (৭ম-৮ম তলা), ১৯১, গুলশান লিংক রোড, ঢাকা।
৫) ব্যবস্থাপনা পরিচালক, টেলিফোন শিল্প সংস্থা (টেশিস), টংগী, গাজীপুর।
৬) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কেবল শিল্প লিঃ(বাকেশিএল), নীলক্ষেত টেলিফোন এক্সচেঞ্জ ভবন, নীলক্ষেত, ঢাকা।
৭) পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৮) উপ-পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৯) সিনিয়র সহকারী পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
১০) সহকারী পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
১১) সকল কর্মচারী, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

স্মারক নং-১৪.৩০.০০০০.২২১.০৮.০০৪.২০-১ তারিখঃ ১২-১১-২০২০খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো;
১) উপ-পরিচালক (আইসটি বাস্তবায়ন), ডিওটি- পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার নিমিত্ত।
২) উপ-পরিচালক (টেলিকম নিরাপত্তা), ডিওটি- মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

সহকারী পরিচালক (লাইব্রেরী)
টেলিযোগাযোগ অধিদপ্তর।

# পাসপোর্ট সম্পর্কিত অনাপত্তি সনদ প্রদানের নিমিত্ত

## **প্রত্যয়নপত্র**

প্রত্যয়ন করা যাচ্ছে যে, জনাব ......................................................................................................, ডিওটি'র পদবী..................................................., ডিওটি তে ন্যস্তকরণ নম্বর .......................... জাতীয় পরিচয় পত্র নম্বর.................................... বর্তমান কর্মস্থল.............................................. .......................-এ বিটিসিএল-এর পদ নাম .......................................................হিসেবে কর্মরত আছেন। পুলিশ বিভাগের মাধ্যমে ইতোপূর্বে তাঁর পূর্ব পরিচয় ও চরিত্র প্রতিপাদিত হয়েছে/হয়নি এবং তাঁর বিরুদ্ধে বিরূপ কোনো তথ্য অত্র কার্যালয়ে নেই। তাঁকে/তাঁর পরিবারবর্গের (কর্মকর্তা/কর্মচারী কর্তৃক অঙ্গীকারনামা দাখিল সাপেক্ষে) অনুকূলে পাসপোর্ট সম্পর্কিত অনাপত্তি সনদ প্রদানে আপত্তি নেই।

তারিখ:.................................

নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

নাম:

পদবী;

ফোন:

ই মেইল:

# পরিবারবর্গের পাসপোর্ট সম্পর্কিত অনাপত্তি সনদ প্রদানের নিমিত্ত

## অঙ্গীকারনামা

এই মর্মে অঙ্গীকার প্রদান করছি যে, নিম্নছকে উল্লিখিত ব্যক্তি/ব্যক্তিগণ আমার পরিবারের সদস্য। আমার জানামতে তিনি/তাঁরা অপরাধমূলক কোনো কর্মকান্ডের সহিত জড়িত নন। তাঁর/তাঁদের বিষয়ে কোনো কর্তৃপক্ষ কর্তৃক এরূপ কোনো তথ্য পরিলক্ষিত হলে ব্যক্তিগতভাবে নিম্নস্বাক্ষরকারী দায়ভার গ্রহণ করবেন।

| পবিরারের সদস্যগণের (স্বামী/স্ত্রী/পুত্র/কন্যা) নাম | সম্পর্ক | জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ নম্বর | জন্ম তারিখ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | |
| | | | |
| | | | |

তারিখ: .....................................

কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর
নাম:

পদবী;

ডিওটি'তে ন্যস্তকরণ নম্বর

ফোন:

ই মেইল:

বর্তমান কর্মস্থল:

# অনাপত্তি সনদ (NOC)

(মন্ত্রণালয়/বিভাগ/কার্যালয়-এর নাম)

.....................................................

ওয়েবসাইট:................................

স্মারক নং ............................................ তারিখঃ

বিষয়ঃ জনাব......................................................................................পিতা/স্বামী..................................................................
এর পাসপোর্ট করার জন্য অনাপত্তি প্রদান।

জনাব .........................................................................; .................................................................................. কার্যালয়ে স্থায়ী/অস্থায়ী ভিত্তিতে (প্রযোজ্য ক্ষেত্রে দাপ্তরিক পরিচিতি নম্বর..................................), .................................................................... পদে নিযুক্ত আছেন। তার পাসপোর্টের আবেদনপত্র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এর সঙ্গে প্রেরণ করা হ'ল। পুলিশ বিভাগের মাধ্যমে ইতোপূর্বে তার পূর্ব পরিচয় ও চরিত্র প্রতিপাদিত হয়েছে/হয়নি এবং তার বিরুদ্ধে বিরূপ কোন তথ্য নেই।

০২। বর্তমান ঠিকানা ঃ ..........................................................................................................................
..........................................................................................................................

০৩। জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন নম্বর ঃ

০৪। অবসর গ্রহণের তারিখ ঃ

০৫। আবেদনকারীর পরিবারবর্গের বিবরণ (নির্ভরশীল স্বামী/স্ত্রী এবং ১৫ বছরের নীচে অপ্রাপ্তবয়স্ক সন্তানদের পাসপোর্ট করার ক্ষেত্রে প্রযোজ্য)ঃ

| ক্রমিক নং | নাম | সম্পর্ক (টিক দিন) | জন্ম তারিখ | জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ নম্বর |
|---|---|---|---|---|
| ০১. | | স্বামী: ☐ স্ত্রী: ☐ | | |
| ০২. | | পুত্র: ☐ কন্যা: ☐ | | |

০৬। আবেদনকারী/আবেদনকারীগণ বাংলাদেশের নাগরিক। তাকে/তাদেরকে পাসপোর্ট প্রদানে আপত্তি নাই।

০৭। অনাপত্তি সনদ (NOC) একবার ব্যবহারযোগ্য এবং ইস্যুর তারিখ হতে ০৬ (ছয়) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

কার্যালয়ের সীলমোহর

এনওসি প্রদানকারী কর্মকর্তার নামসহ সীল। (মন্ত্রণালয়/অধিদপ্তর/পরিদপ্তর/বিভাগ/কর্পোরেশন এর প্রধান কর্মকর্তা/জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা)

NOC প্রদানকারী কর্মকর্তা কর্তৃক পূরণীয়

স্বাক্ষর ঃ ..................................................
নাম ঃ ..................................................
পদবি ঃ ..................................................
টেলিফোন নম্বর ঃ ..................................................
ই-মেইল ঃ ..................................................
ওয়েবসাইট ঃ ..................................................

**প্রাপক**
**পরিচালক/উপপরিচালক/সহকারী পরিচালক**
**বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস/আঞ্চলিক পাসপোর্ট অফিস,**
..................................................................................।

বিঃ দ্রঃ অনাপত্তি সনদ (NOC) স্ব স্ব প্রতিষ্ঠানের ওয়েবসাইটে আপলোড করতে হবে।